

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ভোলা  
(জে.এম.শাখা)  
[www.bhola.gov.bd](http://www.bhola.gov.bd)

নম্বর: ০৫.১০.০৯০০.০০৫.০৬.০০১.২২. ২১৬০

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২  
২৭ নভেম্বর ২০২৫

**বিজ্ঞপ্তি**

**বিষয় : ২০২৬ সালের বৈধ আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক অধিশাখা-৪ এর ১০-০৭-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৩২১ নং স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০২৫ এর ৩০ ও ৩১ নং অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা কর্তৃক ইস্যুকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ ২০২৬ সালের জন্য নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে আগামী ০১ ডিসেম্বর, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত নবায়ন করা হবে।

**শর্তসমূহঃ**

আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি	চালান কোড	১৫% ভ্যাট ফি	চালান কোড	১০% উৎসে কর	চালান কোড	ব্যাংকের নাম	মন্তব্য
একনলা/ দোনলা বন্দুক/ শটগান/ রাইফেল	১০,০০০	১৪২২১০২	১৫০০	১১৪১১০১	১০০০	১১১১১০১	সকল ব্যাংক	চালানোর মূল কপি, লাইসেন্স ও আগ্নেয়াস্ত্র উপস্থাপন করতে হবে। চালান জমার ক্ষেত্রে অবশ্যই এনআইডি ও লাইসেন্স দাখিল করতে হবে।
পিস্তল/রিভলভার	২০,০০০	১৪২২১০২	৩০০০	১১৪১১০১	২০০০	১১১১১০১		

০২। সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র থানায়/মালখানায়/আর্মস ডিলারের নিকট জমা থাকলে জমাদান সম্পর্কে প্রয়োজনীয় তথ্য/স্লিপ হালনাগাদ তারিখ দিয়ে দাখিল করতে হবে।

০৩। নীতিমালার ৩০.ক.২ অনুচ্ছেদ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের বাৎসরিক লাইসেন্স নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা।

০৪। নীতিমালার ৩০.ক.৩ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিষ্ঠান পর্যায়ে লং ব্যারেল অস্ত্রের লাইসেন্স নবায়ন ফি ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

০৫। নীতিমালার ৩০ (গ) অনুচ্ছেদ অনুযায়ী সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা, রাষ্ট্রীয় সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তিবর্গ ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের পিস্তল/রিভলভার/শটগান/রাইফেল এর লাইসেন্স ফি এবং নবায়ন ফি প্রযোজ্য হবে না।


০৬। নীতিমালার ৩১ (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিককাল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন না করা হলে, নবায়নের কোন আবেদন বিবেচিত হবে না। সেক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেট লাইসেন্স বাতিলপূর্বক আগ্নেয়াস্ত্রটি বাজেয়াপ্ত করবেন।

০৭। নীতিমালার ৩১ (ছ) অনুচ্ছেদ অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেট প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাতকার নিবেন এবং অস্ত্র ব্যবহারে তার শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করবেন।

০৮। নীতিমালার ৩৫(ক) অনুচ্ছেদ অনুযায়ী আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ইস্যুর ০৩ (তিন) বছরের মধ্যে অস্ত্র ক্রয় না করলে লাইসেন্সটি স্বংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। বাতিলকৃত লাইসেন্স পুনর্বহাল করা যাবে না।

০৯। লাইসেন্স নবায়নের সময় লাইসেন্সধারী ব্যক্তিগণকে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজ প্রদর্শন করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত সময়ের মধ্যে বিধি মোতাবেক আবেদন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

  
ড. শামীম রহমান  
জেলা ম্যাজিস্ট্রেট  
ভোলা

ফোনঃ ০২৪৭৮৮৯৪৪০০  
e-mail:dcbhola@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০২। জেলা ম্যাজিস্ট্রেট----- (সকল)।
- ০৩। পুলিশ সুপার, ডিএসবি----- (সকল)।
- ০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
- ০৫। প্রশাসক, -----পৌরসভা (সকল), ভোলা।
- ০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/লালমোহন/তজুমদ্দিন/চরফ্যাশন ও মনপুরা, ভোলা-তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নিকট পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সহকারী কমিশনার, জে.এম.শাখা, ভোলা কালেক্টরেট-তাকে আশ্বেয়াত্র লাইসেন্স নবায়নের জন্য দায়িত্ব প্রদান করা হলো।
- ০৯। জেলা তথ্য অফিসার, ভোলা-তাকে বিষয়টি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। এজিএম (সকল) ব্যাংক, ভোলা। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ব্যাংক শাখায় প্রেরণ পূর্বক অস্ত্র ও গোলাবারুদসহ প্রতিষ্ঠান প্রধানকে নবায়নকালীন উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। অফিসার-ইন-চার্জ, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/লালমোহন/তজুমদ্দিন/চরফ্যাশন/দক্ষিণ আইচা/ শশীভূষণ/ দুলারহাট ও মনপুরা থানা, ভোলা। নবায়নের সূচী মোতাবেক ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। ম্যানেজার/ব্যবস্থাপক, ----- শাখা, ভোলা। অস্ত্র ও গোলাবারুদসহ প্রতিষ্ঠান প্রধানকে নবায়নকালীন উপস্থিত থাকা জন্য অনুরোধ করা হলো।
- ১৩। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), ভোলা। তাকে উক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। জনাব -----  
-----
- ১৫। নোটিশ বোর্ড/অফিস কপি/গার্ড ফাইল সংরক্ষিত।